# আন-নাহাল | An-Nahl | ٱلنَّحْل

আয়াতঃ ১৬ : ৫০

## আরবি মূল আয়াত:

يَخَافُونَ رَبَّهُم مِّن فَوقِهِم وَ يَفعَلُونَ مَا يُؤمَرُونَ ﴿٥٠﴾ (سُجود)

## অনুবাদসমূহ:

তারা তাদের উপরস্থ রবকে ভয় করে এবং তাদেরকে যা নির্দেশ দেয়া হয়, তারা তা করে। [সাজদাহ] — আল-বায়ান

তারা তাদের উপরে আল্লাহকে ভয় করে আর তারা তা-ই করে যা তাদেরকে আদেশ দেয়া হয়। [সাজদাহ] — তাইসিরুল

তারা ভয় করে, তাদের উপর পরাক্রমশালী তাদের রাব্বকে এবং তাদেরকে যা আদেশ করা হয় তারা তা পালন করে। [সাজদাহ] — মুজিবুর রহমান

They fear their Lord above them, and they do what they are commanded. — Sahih International

৫০. তারা ভয় করে তাদের উপরস্থ(১) তাদের রবকে এবং তাদেরকে যা আদেশ করা হয় তারা তা করে। [সাজদাহ]

(১) এ আয়াত এবং এ ধরণের অসংখ্য আয়াত ও হাদীস থেকে প্রমাণিত হয় যে, আল্লাহ তা'আলা উপরে সুউচ্চে অবস্থান করছেন। তিনি তার আরশের উপর আছেন। এটাই আহলে সুন্নাত ওয়াল জামাআতের আকীদা। এর বাইরের যাবতীয় আকীদা বিভ্রান্তি ও ভ্রষ্টতা।

তাফসীরে জাকারিয়া

(৫০) তারা ভয় করে তাদের উপরে তাদের প্রতিপালককে[1] এবং তারা তা করে, যা তাদেরকে আদেশ করা হয়। [2] [সাজদাহ]

[1] আল্লাহর ভয়ে ভীত ও সন্ত্রস্ত থাকে।

[2] আল্লাহর আদেশের অন্যথা করে না বরং যা আদেশ করা হয়, তারা তাই করে। আর যা থেকে নিষেধ করা হয়, তা থেকে তারা দূরে থাকে। (এই আয়াত পাঠ করার পর সিজদা করা মুস্তাহাব। সিজদার আহকাম জানতে সূরা আ’রাফের শেষ আয়াতের টীকা দেখুন।)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1951

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন